সংবাদপত্র, জ্বালানি পরিবহন ছুটির আওতামুক্ত

সংবাদপত্র ও জ্বালানি পরিবহন ছুটির আওতামুক্ত থাকবে। এই দুটি বিষয় যুক্ত করে সরকার ঘোষিত ছুটির প্রজ্ঞাপন সংশোধন করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। ১ এপ্রিলের তারিখ দিয়ে প্রজ্ঞাপনটি সংশোধন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

এর আগে গত ২৪ মার্চ মন্ত্রিপরিষদ বিভাগ সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছিল, ছুটি বা বন্ধ সরকারি-বেসরকারি অফিস আদালতের জন্য প্রযোজ্য হবে। স্বাস্থ্যসেবা, সংবাদপত্রসহ অন্য জরুরি কার্যাবলি চলবে। গণপরিবহন ছাড়া অন্যান্য জরুরি পরিবহন যেমন ট্রাক, কার্গো, অ্যাম্বুলেন্স, সংবাদপত্রবাহী গাড়ি ইত্যাদি যথারীতি চলবে।

করোনাভাইরাসের কারণে সাধারণ ছুটির মেয়াদ ৯ এপ্রিল পর্যন্ত বাড়িয়ে গতকাল বুধবার প্রজ্ঞাপন জারি করেছিল জনপ্রশাসন মন্ত্রণালয়। ১০ ও ১১ এপ্রিল (শুক্র ও শনিবার) সাপ্তাহিক ছুটিও এর সঙ্গে যুক্ত হবে। ফলে ছুটি হবে ১১ এপ্রিল পর্যন্ত।

সেই প্রজ্ঞাপনে বলা হয়েছিল, জরুরি সেবার (বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট) ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হবে না। এ ছাড়া কৃষিপণ্য, সার, কীটনাশক, খাদ্য, শিল্পপণ্য, চিকিৎসা সরঞ্জামাদি, জরুরি ও নিত্যপ্রয়োজনীয় পণ্য পরিবহন এবং কাঁচাবাজার, খাবার, ওষুধের দোকান ও হাসপাতাল এই ছুটির মধ্যে পড়বে না। এখন সংশোধিত প্রজ্ঞাপনে সংবাদপত্র ও জ্বালানি পরিবহনের বিষয়টিও এখানে যুক্ত করা হয়েছে।

ছুটিতে জরুরি প্রয়োজনে অফিসগুলো খোলা রাখা যাবে। প্রয়োজনে ওষুধশিল্প, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পকারখানা চালু রাখতে পারবে। এ ছাড়া মানুষের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে নির্দেশনা দিয়েছে।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নতুন নির্দেশনা অনুযায়ী, নির্দিষ্ট কিছু শাখায় সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত নগদ জমা ও উত্তোলন করা যাবে। লেনদেন-পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম শেষ করার জন্য

ব্যাংক খোলা থাকবে বেলা তিনটা পর্যন্ত।

এ ছাড়া মানুষের জীবন-জীবিকার স্বার্থে রিকশা-ভ্যানসহ যানবাহন, রেল, বাস পর্যায়ক্রমে চালু করা হবে বলে ছুটির প্রজ্ঞাপনে বলা হয়েছে।

ইন্ডিপেনডেন্ট টেলিভিশনের কর্মী করোনায় আক্রান্ত, কোয়ারেন্টিনে ৪৭ জন

প্রাণঘাতী করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন বেসরকারি টেলিভিশন ইন্ডিপেনডেন্টের এক কর্মী। তাকে হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।

এদিকে করোনায় আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসায় ওই টেলিভিশনের ৪৭ জনকে কোয়ারেন্টিনে রাখা হয়েছে।

শুক্রবার বিকালে ইন্ডিপেনডেন্ট টেলিভিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান সম্পাদক এম শামসুর রহমান নিজের ফেসবুক টাইমলাইনে এ তথ্য জানান।

তবে আক্রান্ত কর্মী দ্রুত সুস্থ হয়ে উঠছেন জানিয়ে এম শামসুর রহমান বলেন, ইন্ডিপেনডেন্ট টেলিভিশনের যে সহকর্মী আক্রান্ত হয়েছেন তিনি গত ২৬ মার্চ শেষ অফিস করেছেন। ওই রাতে তিনি মোবাইলফোনে নিজের উপসর্গের কথা অফিসকে অবহিত করেন। এরপর থেকে তিনি নিজ থেকেই কোয়ারেন্টিনে ছিলেন। পরে পরীক্ষা করে উনি ‘কোভিড ১৯’ এ আক্রান্ত বলে শনাক্ত হন।

টেলিভিশনটির ওই কর্মকর্তা আরও জানান, ওই কর্মীর সংস্পর্শে আসা টেলিভিশনের ৪৭ জন কর্মীকে কোয়ারেন্টিনে পাঠানো হয়েছে। এখন পর্যন্ত অন্য কোনো সহকর্মীর আক্রান্ত হওয়ার কোনো উপসর্গ দেখা দেয়নি।

সুত্র-যুগান্তর

স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট

করোনাভাইরাস প্রতিরোধে সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট।

আজ বুধবার বেলা সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা রেল বাজারে ১০০ জন দুস্হ নারী-পুরুষের মাঝে ওই স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম মাস্ক, হ্যান্ড গ্লোব, সাবান বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজিব হাসান কচি, সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, এটিএন বাংলা প্রতিনিধি রফিক রহমান, দৈনিক সময়ের সমীকরণের নির্বাহী সম্পাদক নাজমুল হক স্বপন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামাল উদ্দিন জোয়ার্দার, ৭১ টিভির জেলা প্রতিনিধি এম এ মামুন, জিটিভির জেলা প্রতিনিধি রিফাত রহমান, সাংবাদিক সমিতির কার্যনির্বাহি সদস্য জহির রায়হান সোহাগসহ, সনজিত কুমার, পলাশ উদ্দিন, আহসান আলম, মফিজ জোয়াদ্দার, রেলবাজার ব্যবসায়ী সমিতির আহবায়ক সেলটন জোয়ার্দার, সদস্য ফারুক হাসান মালিকসহ অন্যরা।

এ সময় উপস্হিত অসহায় মানুষকে জানানো হয়, মুখ মন্ডলে হাত দেওয়ার আগে ও খাবার আগে ভাল করে সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে। মাস্ক ব্যবহার করতে হবে। অযথা বাড়ি বের না হওয়ার পরামর্শ দেয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিটের শপথ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রেসক্লাব এবং বাংলাদেশ সাংবাদিক সমিতি- বাসাস জেলা ইউনিটের শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে এ শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান সেখ সামসুল আবেদীন খোকন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবীর, বাসাস জেলা ইউনিটের সভাপতি আজাদ মালিতা এবং প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন।

প্রেসক্লাব সদস্য জামান আখতার ও খাইরুল ইসলামের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে শুরুতে কোরআন থেকে তেলওয়াত করেন বাসাস জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ। প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন প্রথমে চুয়াডাঙ্গা প্রেসক্লাব পরে বাসাস জেলা ইউনিটের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদকে শপথ পাঠ করান। এরপর বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে নবনির্বাচিতদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা পর্বে প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। পরে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও প্রেসক্লাবের সাবেক সদস্য দেশের স্বনামধন্য বিক্রয় প্রশিক্ষক রাজীব আহম্মেদ শুভেচ্ছা বক্তব্য দেন।

অনুষ্ঠানের অতিথিবৃন্দ বক্তৃতাকালে বলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিট চুয়াডাঙ্গা জেলার দুটি ঐতিহ্যবাহী সংগঠন। এ সংগঠন দুটি বরাবরই জেলার উন্নয়নে এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। আগামীতেও চুয়াডাঙ্গার সাংবাদিকরা এ ধারা অব্যাহত রাখবে বলে অতিথিরা প্রত্যাশা ব্যক্ত করেন।

সাংবাদিক পোলেনের বাড়িতে হামলাসহ সারাদেশে সাংবাদিকদের নির্যাতনের ঘটনায় সম্পাদক পরিষদের উদ্বেগ প্রকাশ

বাংলাদেশ প্রতিদিনের মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন’র সাবেক সম্পাদক মাহবুবুল হক পোলেনসহ দেশের বিভিন্ন স্থানে সাংবাদিকদের ওপর সাম্প্রতিক হামলা ও নির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে সংবাদপত্র সম্পাদকদের সংগঠন সম্পাদক পরিষদ। একইসঙ্গে মধ্যরাতে ভ্রাম্যমাণ আদালত দিয়ে সাংবাদিককে গ্রেফতার, কারাদণ্ড ও জরিমানা, নির্যাতনের ঘটনায় বিস্ময় প্রকাশ করা হয়েছে।

রবিবার পরিষদের পক্ষে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে স্বাক্ষর করেন সম্পাদক পরিষদের সভাপতি মাহফুজ আনাম ও সাধারণ সম্পাদক নঈম নিজাম।

বিবৃতিতে বলা হয়, আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, কিছুদিন ধরে দেশের বিভিন্ন এলাকায় সাংবাদিক আটক ও নির্যাতনের খবর প্রকাশিত হচ্ছে। বিশেষ করে বাংলা ট্রিবিউনের কুড়িগ্রাম প্রতিনিধি আরিফুল ইসলামকে পুলিশ মধ্যরাতে আটক করার পর রাতেই এক বছরের সাজা দিয়ে তাকে কারাগারে পাঠায়। এটা শুধু নিন্দনীয়ই নয়, দুঃখজনক ও পীড়াদায়কও বটে।
বিবৃতিতে আরও বলা হয়, মধ্যরাতে এভাবে ভ্রাম্যমাণ আদালত দিয়ে সাংবাদিক গ্রেফতার, কারাদণ্ড ও জরিমানা, নির্যাতনের ঘটনায়

সম্পাদক পরিষদ বিস্মিত। আমরা আরিফুলের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারের দাবি করছি। কুড়িগ্রামের জেলা প্রশাসককে প্রত্যাহারের পাশাপাশি তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

এছাড়া ঢাকার সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের নিখোঁজের ঘটনায় সম্পাদক পরিষদ উৎকণ্ঠা প্রকাশ করেছে। বিবৃতিতে বলা হয়, আমরা আশা করবো কাজলকে খুঁজে বের করে তার পরিবারের কাছে হস্তান্তর করা হবে। সম্পাদক পরিষদ বাংলাদেশ প্রতিদিনের মেহেরপুর প্রতিনিধি মাহবুবুল হক পোলেনের ওপর হামলা, তার বাড়িঘর ভাঙচুরের ঘটনায়ও নিন্দা জানিয়েছে।

কুড়িগ্রামের ডিসিকে প্রত্যাহার, আরিফুলের জামিন

বাড়ি থেকে তুলে নিয়ে মধ্যরাতে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে একবছরের সাজা পাওয়া সাংবাদিক আরিফুল ইসলাম রিগ্যান জামিনে মুক্তি পেয়েছেন। অন্যদিকে এই সাংবাদিককে সাজা দেয়ার পেছনে জেলা প্রশাসক (ডিসি) সুলতানা পারভীনের সম্পৃক্ততা ও আচরণের অসঙ্গতির প্রমাণ পাওয়ায় তাকে প্রত্যাহার করে নিচ্ছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

আজ রোববার সকালে বাংলা ট্রিবিউনের কুড়িগ্রাম প্রতিনিধি আরিফুল ইসলামের আইনজীবী অ্যাডভোকেট সাখাওয়াত হোসেনের আবেদনের পর কুড়িগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. সুজাউদ্দৌলা তাকে জামিন দেন। জামিনে মুক্তি পাওয়ার পর তাকে কুড়িগ্রাম জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

তবে অ্যাডভোকেট সাখাওয়াত হোসেনকে আইনজীবী নিয়োগ নিয়েও উঠেছে প্রশ্ন। আরিফ মুক্ত হওয়ার পর জানিয়েছেন, জেল কর্তৃপক্ষ তার কাছে একটি ওকালতনামা পাঠায়। তাকে বলা হয় পরিবার পাঠিয়েছে। এই কথা বলে স্বাক্ষর নেওয়া হয়। তবে পরিবারের কেউ ওকালতনামায় স্বাক্ষর নেওয়ার জন্য জেল কর্তৃপক্ষের কাছে কোনও কাগজ পাঠাননি।

গত শুক্রবার (১৩ মার্চ) মধ্যরাতে বাড়ির বেড়া ভেঙে ঢুকে স্ত্রী- সন্তানদের সামনে থেকেই তুলে নিয়ে যাওয়া হয় আরিফুল ইসলামকে। তার বাসায় আধা বোতল মদ ও দেড়শ’ গ্রাম গাঁজা পাওয়া গেছে বলে অভিযোগ আনা হয়। এরপর গভীর রাতে জেলা প্রশাসকের অফিসে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এক বছরের কারাদণ্ড দিয়ে তাকে কারাগারে পাঠানো হয়। সূত্র-বণিক বার্তা

এ নিয়ে দেশজুড়ে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। স্থানীয় গণমাধ্যমকর্মীরা বলছেন, অবস্থা বেগতিক দেখার পর জেলা প্রশাসক সুলতানা পারভীন নিজের লোকজনদের দিয়ে আরিফের পরিবারের সঙ্গে কথা না বলেই কৌশলে তার কাছ থেকে স্বাক্ষর নিয়ে তাকে জামিন দেওয়ার ব্যবস্থা করেছেন। যদিও বিষয়টি এখনো নিশ্চিত করা যায়নি।

এদিকে অভিযুক্ত জেলা প্রশাসক (ডিসি) সুলতানা পারভীনের সম্পৃক্ততা ও আচরণের অসঙ্গতির প্রমাণ পাওয়ায় তাকে প্রত্যাহার করে নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়েছেন তিনি।

রবিবার (১৫ মার্চ) সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, ‘শুধু ডিসি নয়, এই ঘটনার সঙ্গে অন্য যেসব কর্মকর্তা জড়িত ছিল নিজ নিজ ভূমিকা বিবেচনায় নিয়ে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। জনমনে শনিবার থেকে যত প্রশ্ন উঠেছে সব প্রশ্নের সত্যতা তদন্তে পাওয়া গেছে।’

এসময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, ‘এক-দুজন কর্মকর্তার দায় সরকার বা জনপ্রশাসন মন্ত্রণালয় নেবে না।’

বিভাগীয় কমিশনারের খসড়া প্রতিবেদন হাতে পেয়েছি উল্লেখ করে তিনি বলেন, ‘স্বাক্ষরযুক্ত প্রতিবেদন কিছুক্ষণের মধ্যে পেয়ে যাবো। খসড়াতে যা দেখেছি সেটাই চূড়ান্ত প্রতিবেদন হবে। যেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব প্রধানমন্ত্রীর তাই আদেশে তার স্বাক্ষর লাগবে। ফলে দোষীদের বিরুদ্ধে কী কী ব্যবস্থা নেওয়া হবে সেটি এখনই বলা ঠিক হবে না।’

আরিফের ক্ষতিপূরণের বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে তিনি বলেন, ‘তিনি ইতোমধ্যে জামিনে মুক্ত হয়েছেন। যেহেতু প্রতিবেদনে সব উল্লেখ আছে এবং তার বিরুদ্ধে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি সেহেতু একসময় তিনি নির্দোষ প্রমাণ হবেন।’

[redacted]

[redacted]

তবে সাংবাদিক আরিফের স্ত্রী মোস্তারিমা সরদারের অভিযোগ, শুক্রবার রাত ১২টার দিকে একদল লোক দরজা ভেঙে হুড়মুড় করে ঘরে ঢুকে ‘তুই খুব জ্বালাচ্ছিস’ বলে আরিফুলকে পেটাতে থাকে। এ সময় তাকেও গালাগাল করা হয়। একপর্যায়ে কয়েকজন মিলে টেনেহিঁচড়ে আরিফকে তুলে নিয়ে যায়। তাকে জামাও পরতে দেয়া হয়নি। সকালে তিনি জানতে পারেন, জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়ে আরেক দফা মারধরের পর সাজানো অভিযোগে আরিফুলকে কারাদণ্ড দেয়া হয়েছে।

এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় ওঠে। পরে শনিবার মন্ত্রিপরিষদ বিভাগ রংপুর বিভাগীয় কমিশনারকে ঘটনা তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়। রংপুরের বিভাগীয় কমিশনার কেএম তারিকুল ইসলাম তদন্তের দায়িত্ব দেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আবু তাহের মো. মাসুদ রানাকে।

এ বিষয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী রোববার সকালে জানিয়েছিলেন, বিভাগীয় প্রতিবেদনটা আমাদের কাছে আসবে। সেটি যাচাই করে একটি সিদ্ধান্ত হয়ে যাবে ইনশাআল্লাহ। একটা পদক্ষেপ আমরা নেব। দুপুরের পর হয়তো যে সিদ্ধান্ত নেয়ার আমরা নিতে পারব।

স্থানীয়রা জানান, কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীন একটি পুকুর সংস্কার করে নিজের নামে নামকরণ করতে চেয়েছিলেন। এ বিষয়ে নিউজ করার পর থেকেই ডিসি আরিফের ওপর ক্ষুব্ধ ছিলেন।

বিসিএস ২০তম ব্যাচের কর্মকর্তা সুলতানা ২০১৮ সালের ৩ মার্চ কুড়িগ্রাম জেলার ডিসির দায়িত্ব নেন।

এদিকে কুড়িগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. সুজাউদ্দৌলা রোববার সাংবাদিক রিগানের জামিন মঞ্জুর করেছেন। জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে কারাদণ্ড দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদনও হয়েছে।

সাংবাদিক পোলেনের বাড়িতে হামলায় মেহেরপুর জেলা প্রেসক্লাবে প্রতিবাদ সভা

বাংলাদেশ প্রতিদিনের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহবুবুল হক পোলেন এর বাড়িতে হামলার প্রতিবাদে জেলা প্রেসক্লাবের নির্বাহী কমিটি গতকাল শনিবার সন্ধ্যায় প্রতিবাদ সভা করেছে।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে সভায় দোষীদের আইনের আওতায় আনার দাবি জানানো হয়।

গত শুক্রবার ১৩ ই মার্চ রাত দশটার দিকে কালো কাপড় দিয়ে মুখ বাঁধা একদল দুর্বৃত্ত পোলেনের বাড়ীর গেট ভেঙে ভেতরে প্রবেশ করার চেষ্টা করে। বাড়ির অভ্যন্তরে ইট পাথর ছুড়ে মারার পাশাপাশি প্রাণনাশের হুমকি দেয়। সেই সাথে সাংবাদিকের বাড়িতে হামলা ওপ্রাণনাশের হুমকি দেওয়ায় তীব্র প্রতিবাদ জানানো হয়।

একইসাথে আইনশৃঙ্খলা বাহিনীকে এর সুষ্ঠু তদন্তের মাধ্যমে হামলার সন্ত্রাসীদের আইনের আওতায় এনে বিচার প্রক্রিয়া করার আহ্বান জানানো হয়।

এসময় জেলা প্রেসক্লাবের সহ-সভাপতি নাসের চৌধুরী চ্যানেল সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিনন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য মিজানুর রহমান সহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।